

মাতকোত্তর অন্ত্য সেমেস্টার পরীক্ষা, ২০১৭

(প্রথম বর্ষ, প্রথম সেমেস্টার)

বাংলা

বাংলা সাহিত্য ও সংস্কৃতির ইতিহাস (প্রাচীন ও মধ্যযুগ)

কোর্স পি.জি. - ১.২

সময় দু' ঘণ্টা

পূর্ণমান ৩০

যে কোনও তিনটি প্রশ্নের উত্তর লেখো

১ক. বাঙালির নৃতাত্ত্বিক পরিচয় দাও। বাংলার প্রাচীন সাহিত্য হিসেবে চর্যাগীতিতে বাঙালির যে সাংস্কৃতিক পরিচয় পাওয়া যায় তা সংক্ষেপে আলোচনা করো।  $৫+৫=১০$

অথবা

১খ. প্রাচীনযুগে বাংলাদেশে রচিত সংস্কৃত সাহিত্যের উন্নরাধিকার কীভাবে মধ্যযুগের বাংলাসাহিত্যে অনুস্তুত হয়েছে, তা উদাহরণসহ ব্যাখ্যা করো। ১০

২ক. পাল-সেন যুগে রচিত সংস্কৃত সাহিত্যে রাধাকৃষ্ণ কথা কীভাবে উপস্থাপিত হয়েছে, তার বিবরণ দাও। ১০

অথবা

২খ. প্রাচীনযুগে বাংলা অঞ্চলে যে সংস্কৃত কোষকাব্যগুলি রচিত অথবা সংকলিত হয়েছে, তাদের বিবরণ দাও। ১০

(Turn Over)

(২)

- ৩ক. বঙ্গদেশে তুর্কি আক্রমণ সম্বন্ধে কী ধরণের বিবরণ পাওয়া গেছে? ভৌগোলিক দিক দিয়ে কোন্ত অঞ্চলে এই আক্রমণ ঘটেছিল বলে মনে হয়? ১০

অথবা

- ৩খ. কৃতিবাসের রামায়ণকে কোন্ত ধরনের অনুবাদ বলা যেতে পারে? মহাকাব্যের বদলে পাঁচালির গড়নে সাধারণ মানুষের পক্ষে কাহিনির ভাবরস গ্রহণ করার কোনো সুবিধা হয়েছিল কি?

- ৪ক. মঙ্গলকাব্যসমূহের মধ্যে প্রতিফলিত সমাজ-মানসিকতার বিবর্তনের পরিচয় দাও। ১০

অথবা

- ৪খ. মধ্যযুগের বাংলা সাহিত্যে মৈমনসিংহ গীতিকার স্বাতন্ত্র্য নির্দেশ করো।

- ৫ক. যোড়শ-সপ্তদশ শতাব্দীতে বাংলায় জঙ্গনামাণুলির রচনাপ্রাধান্যের সম্ভাব্য কারণ উল্লেখ করো। এই ধরণের সাহিত্যের প্রধান বিষয়বস্তু কী ছিল? বাংলায় লেখা যে কোনও একটি জঙ্গনামার পরিচয় দিয়ে ফার্সি রচনার থেকে এর অভিনবত্ব কোথায় বুঝিয়ে দাও। ২+২+৪+২=১০

অথবা

- ৫খ. বাংলায় সুফি সাহিত্যের বৈচিত্র্যগুলি উল্লেখ করো। এই বৈচিত্র্যের সম্ভাব্য কারণ কী বলে তোমার মনে হয়? বাংলার সুফি সাহিত্যকে কি হিন্দু-মুসলমানের ‘যুক্তসাধনা’ হিসেবে পড়া যায়?

- ৬ক. চৈতন্যদেবের জীবনের সংক্ষিপ্ত পরিচয় দিয়ে বঙ্গদেশের সাহিত্য সংস্কৃতিতে তার প্রভাব নির্দেশ করো। ১০

অথবা

(৩)

- ৬খ. টীকা লেখো (যে কোনও দুটি)

ক. সেকশনভোদয়া

খ. বৃন্দাবনদাসের চৈতন্যভাগবত

গ. শিবায়ন

ঘ. বাংলা মর্সিয়া সাহিত্য

ঙ. মধ্যযুগের নবদ্বীপ

$$৫ \times 2 = 10$$

— X —